"শেখ হাসিনার উদ্যোগ--ঘরে ঘরে বিদ্যুৎ"

**কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)**

Coal Power Generation Company Bangladesh Limited (CPGCBL)

(An enterprise of Government of the People's Republic of Bangladesh)

"আলোকিত দেশ, যত্নে পরিবেশ"

স্মারক নং: ২৭.৩২.০০০০.০০৭.১১.০০১.২০-**৩৮৮** তারিখঃ ০৩/০৮/২০২৩ খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শতভাগ মালিকানাধীন একটি প্রতিষ্ঠান) এর অধীনে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম এবং মূল বেতন | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স সীমা |
|---|---|---|---|---|
| ০১। | সহকারী প্রকৌশলী<br>গ্রেড-০৮<br>মূল বেতন: ৫২,০০০/- | তড়িৎ-১০টি;<br>যান্ত্রিক-১০টি;<br>পুর-০২টি | সরকার/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে বি.এসসি ইন ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল/সিভিল ডিগ্রি। | |
| ০২। | সহকারী প্রোগ্রামার<br>গ্রেড-০৮<br>মূল বেতন: ৫২,০০০/- | ০১টি | সরকার/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে বি.এসসি ইন সিএসই/আইটি/ইসিই/ইটিই বা সমমানের ডিগ্রি। | |
| ০৩। | সহকারী ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন/শ্রম কল্যাণ ও এডমিন/স্টোর)<br>গ্রেড-০৮<br>মূল বেতন: ৫২,০০০/- | ০৫টি | সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে HR/Management or any other relevant subject এ ০৪(চার) বছরের স্নাতক ডিগ্রি অথবা ০৩(তিন) বছরের সম্মানসহ ০১(এক) বছরের স্নাতকোত্তর ডিগ্রি। এমবিএ/স্নাতকোত্তর ডিগ্রির সাথে পিজিডিএইচআরএম ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবে। | ১) সর্বোচ্চ ৩০ বছর;<br>২) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের জন্য ৩২ বছর<br>(২৭/০৮/২০২৩ খ্রি. তারিখে) |
| ০৪। | সহকারী ব্যবস্থাপক (ইএসটি)<br>গ্রেড-০৮<br>মূল বেতন: ৫২,০০০/- | ০১টি | সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে Environmental Science/Environmental Engineering or any other relevant subject এ ০৪(চার) বছরের স্নাতক ডিগ্রি অথবা ০৩(তিন) বছরের সম্মানসহ ০১(এক) বছরের স্নাতকোত্তর ডিগ্রি। | |
| ০৫। | উপ-সহকারী প্রকৌশলী<br>গ্রেড-১০<br>মূল বেতন: ৪০,০০০/- | তড়িৎ-০৪টি;<br>যান্ত্রিক-০২টি; | যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল ডিগ্রি। | |
| ০৬। | সহকারী ব্যবস্থাপক (নিরাপত্তা)<br>গ্রেড-০৮<br>মূল বেতন: ৫২,০০০/- | ০১টি | • সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি/সমমান/তদূর্ধ্ব ডিগ্রি;<br>• প্রার্থীকে অবশ্যই সশস্ত্র বাহিনী/বিজিবি এর অবসরপ্রাপ্ত ওয়ারেন্ট অফিসার/সিনিয়র ওয়ারেন্ট অফিসার/মাস্টার ওয়ারেন্ট অফিসার বা বাংলাদেশ পুলিশ এর ইন্সপেক্টর পর্যায়ের কর্মকর্তা হতে হবে;<br>• সশস্ত্র বাহিনীর গোয়েন্দা শাখা/নিরাপত্তা বিভাগে কর্ম অভিজ্ঞতাসম্পন্ন এবং প্রতিরক্ষা/আধাসামরিক বাহিনীর আইন প্রয়োগকারী কর্মকর্তাগণ অগ্রাধিকার পাবেন।<br>• চাকুরি হতে অবসর গ্রহণের প্রমাণপত্র (পেনশন বুক এর সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি/গ্রহণযোগ্য ডকুমেন্ট) দাখিল করতে হবে; | সর্বোচ্চ ৫০ বছর;<br>(২৭/০৮/২০২৩ খ্রি. এ) |

**ভাতা ও অন্যান্য সুবিধাঃ**

ক) সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ এবং সিপিজিসিবিএল এর পে-স্কেল-২০১৬ অনুযায়ী বাড়ি ভাড়া, প্রতি বছর ০২টি উৎসব ভাতা, নববর্ষ ভাতা, যৌথ ভবিষ্য তহবিল, গ্রুপ ইন্স্যুরেন্স, অর্জিত ছুটি নগদায়ন, গ্রাচ্যুইটি, চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন;

খ) কর্মকর্তা/কর্মচারী কর্তৃক আয়কর প্রদান করতে হবে।

**চাকুরির ধরন:**

প্রাথমিকভাবে ০৩(তিন) বছরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগযোগ্য এবং সন্তোষজনক কর্মমূল্যায়ন (Performance Appraisal) এর ভিত্তিতে ব্যবস্থাপনা পরিচালক, সিপিজিসিবিএল এর অনুমোদনক্রমে চাকুরির মেয়াদ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত নবায়নযোগ্য।

**সাধারণ শর্তাবলি:**

১) সরকারি-আধাসরকারি, স্বায়ত্তশাসিত অথবা সরকারি মালিকানাধীন কোম্পানি/প্রতিষ্ঠান এ কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

২) শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি প্রাপ্তদের আবেদন গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে পাসের ক্ষেত্রে জিপিএ-৫ স্কেলে ন্যূনতম-৩.৫০ এবং সিজিপিএ-৪ স্কেলে ন্যূনতম-২.৭৫ প্রাপ্ত হতে হবে; বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের কপি জমা প্রদান করতে হবে;

৩) আবেদনপত্র বাছাইয়ের পর শুধু উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৪) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ এর বিধি-৪.১(এফ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫) প্রার্থীর অংশগ্রহণমূলক নেতৃত্বের গুণাবলি থাকতে হবে এবং বাংলা ও ইংরেজিতে যোগাযোগ দক্ষতাসহ কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে;

৬) কোন কারণ দর্শানো ব্যতিরেকে সিপিজিসিবিএল কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত বা নিয়োগ প্রক্রিয়া বাতিলের ক্ষমতা রাখে;

৭) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের হ্রাস/বৃদ্ধি করার অধিকার সিপিজিসিবিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে সিপিজিসিবিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

৮) কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে এবং বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

**আবেদন প্রক্রিয়া:**

১) আগ্রহী প্রার্থীগণকে (**http://cpgcbl.teletalk.com.bd**) হতে নির্ধারিত **'আবেদন ফরম'** পূরণপূর্বক আবেদন করতে হবে এবং **আবেদন ফরম ও অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি** নিয়োগ প্রক্রিয়া চলমান অবস্থায় ০৬/০৮/২০২৩ হতে ২৭/০৮/২০২৩ খ্রি. তারিখ (রাত:-১১.০০ ঘটিকা) পর্যন্ত বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যবে;

২) আবেদন ফি বাবদ ১,০০০/-(এক হাজার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না;

৩) আবেদনপত্র গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে;

৪) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (**http://cpgcbl.teletalk.com.bd**) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়;

৫) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

৬) আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হলে এবং নির্ধারিত সময়ের পর পাওয়া গেলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনোক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না।

০৩/৮/২৩

**(মোহাম্মদ মতিউর রহমান)**
উপ-মহাব্যবস্থাপক
(এইচআরএম এন্ড এডমিন)
সিপিজিসিবিএল, ঢাকা।